

পত্র সংখ্যা-৫১.০১.২৬০০.০১৮.৪২.০৮০.২১-১১০৭(১)

তারিখ: ০৪ শ্রাবণ ১৪২৮  
১১ জুলাই ২০২১

প্রেরক : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
ঢাকা।

প্রাপক : উপজেলা নির্বাহী অফিসার  
দোহার / নবাবগঞ্জ / কেরানীগঞ্জ / সাভার / ধামরাই, ঢাকা।

বিষয় : ২০২১-২০২২ অর্থবছরে কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউয়ের বিস্তৃতি ও প্রাদুর্ভাব মোকাবেলায় পরিবহন শ্রমিকসহ কর্মহীন ও দুঃস্থ ব্যক্তিদের পরিবার এবং বিভিন্ন প্রকার প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় পরিবারের মধ্যে বিতরণের জন্য ত্রাণ কার্য (নগদ) টাকা উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০৬৭.২১.১, তারিখ: ০৪-০৭-২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ অর্থবছরে কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউয়ের বিস্তৃতি ও প্রাদুর্ভাব মোকাবেলায় পরিবহন শ্রমিকসহ কর্মহীন ও দুঃস্থ ব্যক্তিদের পরিবার এবং বিভিন্ন প্রকার প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় পরিবারের মাঝে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য উপজেলার নামের পার্শ্বে উল্লেখিত পরিমাণ ত্রাণ কার্য (নগদ) টাকা তাঁর অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ক্রমিক নং	উপজেলার নাম	ত্রাণ কার্য (নগদ) টাকা	চেক নং	তারিখ	মন্তব্য
০১	দোহার	১,০০,০০০/- (এক লক্ষ)	৩৮৮৫৩৯০	১৯/০৭/২০২১	
০২	নবাবগঞ্জ	১,০০,০০০/- (এক লক্ষ)	৩৮৮৫৩৯১		
০৩	কেরানীগঞ্জ	১,০০,০০০/- (এক লক্ষ)	৩৮৮৫৩৯২		
০৪	সাভার	১,০০,০০০/- (এক লক্ষ)	৩৮৮৫৩৯৩		
০৫	ধামরাই	১,০০,০০০/- (এক লক্ষ)	৩৮৮৫৩৯৪		
	সর্বমোট	৫,০০,০০০/- (পাঁচ লক্ষ)			

(ক) উপ-বরাদ্দকৃত টাকার ক্রসড চেক তাঁর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি প্রেরণপূর্বক এ কার্যালয় হতে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

(খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জারীকৃত মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণপূর্বক সকল বিধি-বিধান পালন করাসহ নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব ও মাস্টাররোল তাঁর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে;

(গ) বরাদ্দকৃত অর্থ বিতরণের সময় ট্যাগ অফিসার অথবা তাঁর একজন প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে।

(ঘ) বরাদ্দকৃত ত্রাণ কার্য (নগদ) বিভিন্ন প্রকার প্রাকৃতিক দুর্যোগ ও কোভিড-১৯ এর প্রেক্ষিতে পরিবহন শ্রমিকসহ কর্মহীন ও দুঃস্থ ব্যক্তিদের অগ্রাধিকার প্রদানপূর্বক মানবিক সহায়তা হিসেবে বিতরণ করতে হবে।

(ঙ) ৩৩৩ নম্বরে ফোন করলে মানবিক সহায়তা পাওয়ার যোগ্য ব্যক্তিদেরকে এ বরাদ্দ থেকে খাদ্য সহায়তা (চাল, ডাল, লবন, তেল ও আলু ইত্যাদি) প্রদান করতে হবে।

(চ) প্রণীত অগ্রাধিকার তালিকা ও মাস্টাররোলে উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র / জন্ম নিবন্ধন / মোবাইল নম্বর সংরক্ষণ করতে হবে।

(ছ) উপ-বরাদ্দপত্র উপজেলার তথ্য বাতায়নে Upload করতে হবে;

(জ) প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকার মধ্যে বিতরণ প্রতিবেদন নির্ধারিত ছকে প্রেরণ নিশ্চিত করতে হবে।

২। এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।



মোঃ আমির হোসেন  
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
ঢাকা

ফোন-৪১০৫১০৬৫

E-mail: drrodhaka@gmail.com

তারিখ: ০৪ শ্রাবণ ১৪২৮  
১১ জুলাই ২০২১

পত্র সংখ্যা-৫১.০১.২৬০০.০১৮.৪২.০৮০.২১-১১০৭/৫(২০)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কাযার্থে:

০১। মাননীয় সংসদ সদস্য নির্বাচনী এলাকা-----, ঢাকা-----।

০২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৪। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোহার / নবাবগঞ্জ / কেরানীগঞ্জ / সাভার / ধামরাই, ঢাকা।

০৬। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (প্রতিবেদনটি জেলা প্রশাসকের ওয়েব সাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো)।

০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোহার / নবাবগঞ্জ / কেরানীগঞ্জ / সাভার / ধামরাই, ঢাকা।

০৯। ম্যানেজার, পুবালাী ব্যাংক লিঃ, জনসন রোড শাখা, ঢাকা।

১০। অফিস কপি।



জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
ঢাকা